

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-১
শেরে বাংলা নগর, ঢাকা
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):

ক. প্রকল্পের বিবরণী:

১.	প্রকল্পের নাম	:	১টি অনুসন্ধান কূপ (শ্রীকাইল নর্থ-১এ) এবং ২টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ {(সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট))} খনন প্রকল্প।
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	বাপেক্স (পেট্রোবাংলার একটি কোম্পানি)।
৪.	প্রকল্পের অবস্থান	:	বিভাগ: চট্টগ্রাম; জেলা: কুমিল্লা ও নোয়াখালী; উপজেলা: মুরাদনগর, কোম্পানীগঞ্জ ও সোনাইমুড়ি।

৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট (বৈঃ মুঃ)	জিডিএফ (বৈঃ মুঃ)	নিজস্ব অর্থ (বৈঃ মুঃ)			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২৮,৪১৯.০০ (১৮,৫০০.০০)	২৫,৫৭৭.০০ (১৮,৫০০.০০)	২,৮৪২.০০ (-)	মার্চ ২০২২ হতে জুন ২০২৪	২৫/০৪/২০২২ (জ্বালানি বিভাগ কর্তৃক অনুমোদন)	--	--

৬. প্রকল্পের উদ্দেশ্য:

- শ্রীকাইল নর্থ-১এ অনুসন্ধান কূপ এবং সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা;
- উল্লিখিত ৩টি কূপ খনন শেষে বাণিজ্যিক গ্যাস আবিষ্কার হলে আনুমানিক ১৭২ বিসিএফ রিজার্ভ বৃদ্ধিসহ দৈনিক ৩০ এমএমএসসিএফ গ্যাস উৎপাদন বৃদ্ধি করা।

৭. প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:

- ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ;
- স্থানীয় ও বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি, সরঞ্জাম এবং অন্যান্য মালামাল ক্রয় করা;
- তৃতীয় পক্ষীয় সেবা গ্রহণ; এবং
- শ্রীকাইল নর্থ-১এ অনুসন্ধান কূপ এবং সুন্দলপুর-৩ ও বেগমগঞ্জ-৪ (ওয়েস্ট) মূল্যায়ন কাম উন্নয়ন কূপ খনন, টেস্টিং ও কমপ্লিশন সম্পন্ন করা।

খ. পরামর্শকের কার্যপরিধি (TOR):

৮. পরামর্শকের দায়িত্বঃ

- (১) প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (২) প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
- (৩) প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৪) প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিল উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৫) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৬) প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৭) প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৮) প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (৯) উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১০) প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (sustainable) করার লক্ষ্যে মতামত প্রদান;
- (১১) প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
- (১২) প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্ক্ষিত অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ প্রতিবেদনে উল্লেখ করতে হবে।
- (১৩) প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ, প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে বাংলা ও ইংরেজী ভাষা বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষান্তে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;
- (১৪) প্রকল্প ব্যবস্থাপনাঃ প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- (১৫) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

৯. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতা:

ক্র: নং	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান		<ul style="list-style-type: none"> গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা; মাঠ পর্যায়ে ডাটা সংগ্রহ, ডাটা প্রক্রিয়াকরণ ও রিপোর্ট প্রণয়নে অভিজ্ঞতা; পর্যাপ্ত জনবল ও প্রয়োজনীয় সহায়ক সামগ্রী থাকতে হবে;
২)	(ক) টিম লিডার	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম বিএসসি ডিগ্রি।	<ul style="list-style-type: none"> প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন সম্পর্কে স্বচ্ছ ধারণাসহ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ১০ (দশ) বছরের অভিজ্ঞতা; ক্রয় ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ/অভিজ্ঞতা থাকতে হবে; টিম লিডার হিসেবে ন্যূনতম ০২ (দুই)টি কাজের অভিজ্ঞতা থাকতে হবে; অয়েল এন্ড গ্যাস সেক্টরে ড্রিলিং কাজে ০৫(পাঁচ)বছরের অভিজ্ঞতা; বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন, Performance Security বিষয়ে বিশ্লেষণ করার অভিজ্ঞতা; পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় বিশেষ দক্ষতার পাশাপাশি বাংলা/ইংরেজির বিষয় ভিত্তিক ভাষাগত জ্ঞানকে বিবেচনায় নেওয়া হবে; সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (জুন ২০২২) বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে; আইএমইডি পরিবীক্ষণ টুলস (IMED-01, 02, 03, 05), আইএমইডি'র পরিদর্শন প্রতিবেদন ছক, আইএমইডি প্রকাশিত Monitoring and Evaluation (M&E) Guideline for Industry, Power & Energy এর বিষয়ে ধারণা থাকতে হবে (https://imed.gov.bd ওয়েবসাইটে, লাইব্রেরিতে পাওয়া যাবে);
	(খ) মিডলেভেল ইঞ্জিনিয়ার	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ন্যূনতম বিএসসি ডিগ্রি।	<ul style="list-style-type: none"> মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং সংক্রান্ত কাজে ন্যূনতম ০৭ (সাত) বছরের অভিজ্ঞতা; অয়েল এন্ড গ্যাস সেক্টরে ড্রিলিং কাজে ০৫(পাঁচ)বছরের অভিজ্ঞতা;
	(গ) Procurement Specialist	যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি থাকতে হবে।	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; বিভিন্ন প্রকার সরকারি ক্রয় কার্যক্রম (পণ্য, কার্য ও সেবা), ক্রয়


		<p>পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন, কারিগরি/আর্থিক মূল্যায়ন, বিষয়ে সুস্পষ্ট ধারণাকে বিবেচনায় নেওয়া হবে;</p> <ul style="list-style-type: none"> ক্রয় ব্যবস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ সনদ থাকতে হবে। ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
(ঘ) ডাটা ম্যানেজমেন্ট স্পেশালিস্ট	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/ অর্থনীতি/ সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে স্নাতকোত্তর ডিগ্রি	<ul style="list-style-type: none"> সংশ্লিষ্ট বিষয়ে গবেষণা/ডাটা ম্যানেজমেন্ট, ডাটা বিশ্লেষণ কাজে কমপক্ষে পাঁচ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। SPSS সফটওয়্যার/প্রোগ্রামিং এর ওপর বিশেষ প্রশিক্ষণ থাকতে হবে।

১০. নিম্নলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজিতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে

১১. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।


 মোঃ জুলহাজ আলী সরকার
 সহকারী পরিচালক
 আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার